দৈনিক বাংলা

তারিখ 04 FEB 1990
পৃষ্ঠা 7 কলাম 3

23

## চাঁদপুর সরকারী কলেজে শিক্ষকের অভাব

(নিজস্ব সংবাদদাতা)

চাঁদপুর ২রা ফেব্রুয়ারী।– চাঁদপুর সরকারী কলেজে ৪টি বিষয়ে আনার্স কোর্স চালুর অনুমতি থাকা সত্ত্বেও প্রয়োজনীয় শিক্ষকের অভাবে অনার্স চালু হচ্ছে না। তাই এ অঞ্চলের গরীব মেধাবী ছাত্র–ছাত্রীদের বাধ্য হয়ে ডিগ্রী পাস কোর্সে ভর্তি হতে হচ্ছে।

এই কলেজে বিভিন্ন বিষয়ে অনার্স কোর্স চালু হোক তা এ অঞ্চলের জনসাধারণের দীর্ঘদিনের দাবী। এ দাবীর প্রেক্ষিতে ৮৪ সালের ১লা ফেব্রুয়ারী এখানে অনুষ্ঠিত এক জনসভায় প্রেসিডেন্ট হুসাইন মুহম্মদ এরশাদ এ কলেজে অনার্স চালুর ঘোষণা দেন। এরপর শিক্ষা মন্ত্রণালয় কলেজে বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, হিসাব বিজ্ঞান ও আর্থনীতিতে অনার্স চালুর অনুমতি দেয়। কিন্তু শিক্ষকের অভাবে তা চালু করা যচ্ছে না।